চুয়াডাঙ্গা-২ আসনে জাসদ ও জাতীয় পার্টির দলীয় মনোনয়ন ঘোষণা

চুয়াডাঙ্গা-২ আসন থেকে জাসদ ও জাতীয় পার্টির ২ জন দলীয় মনোনয়ন পেয়েছে। এদের মধ্যে জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদের মশাল প্রতিকে দেওয়ান ইয়াসিন উল্লাহ ও জাতীয় পার্টির লাঙ্গল প্রতিকে রবিউল ইসলাম দলীয় মনোনয়ন পেলেন।

আজ সোমবার সকাল ১১টায় দর্শনা পৌর জাসদের অফিস থেকে দেওয়ান ইয়াসিন উল্লাহ তার মনোনয়ন সংগ্রহ করেছেন। জাতীয় সমাজতান্ত্রিক দলের সভাপতি হাসানুল হক ইনু”র প্রেরিত মনোনয়ন পত্রটি জাতীয় যুব জোটের দর্শনা পৌর সভাপতি আলমগীর হোসেন মিল্টন, জাসদ কেন্দ্রীয় কমিটির সদস্য অনলাইন নিউজ পোর্টাল ইভেন্ট অল ইভেন্ট নিউজের নিবার্হী সম্পাদক আব্দুস সামাদ আজাদ বিপু ও গড়াইটুপি ইউনিয়ন জাসদের সভাপতি ও চুয়াডাঙ্গা জেলা কমিটির সদস্য ডাক্তার হোসেন এর নিকট থেকে চুয়াডাঙ্গা-২ আসনের মনোনয়ন পত্রটি দেওয়ান ইয়াসিন উল্লাহ গ্রহন করেন।

এ নিয়ে চুয়াডাঙ্গা-২ আসন থেকে ৩ জন দলীয় মনোনয়ন পেলেন।

৭২ আসনে দলীয় মনোনয়ন চূড়ান্ত করেছে আওয়ামী লীগ

আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য রাজশাহী ও রংপুর বিভাগের মোট ৭২টি আসনের মনোনয়ন চূড়ান্ত করেছে আওয়ামী লীগ। সেখানে বেশ কয়েকজন বর্তমান সংসদ সদস্য বাদ পড়েছেন বলে জানিয়েছেন দলটির সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের।

বৃহস্পতিবার (২৩ নভেম্বর) দলটির সংসদীয় মনোনয়ন বোর্ডের সভায়

এসব প্রার্থী চূড়ান্ত করা হয়। সকাল ১০টা ১০ মিনিটে তেজগাঁওয়ে ঢাকা জেলা আওয়ামী লীগের কার্যালয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে দলীয় প্রার্থী চূড়ান্ত করতে শুরু হয় সভা। সভায় সভাপতিত্ব করেন মনোনয়ন বোর্ডের সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

সভা শেষে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ৭২ আসনে দলীয় মনোনয়ন চূড়ান্ত হওয়ার তথ্য জানান। চুড়ান্ত হওয়া ৭২ টি আসনের মধ্যে রয়েছে রংপুরের ৩৩টি ও রাজশাহীর ৩৯টি আসনের মনোনয়ন।ধাপে ধাপে বাকি বিভাগগুলোর প্রার্থী চূড়ান্ত করা হবে।ধারাবাহিক এই বৈঠক চলবে শনিবার (২৫ নভেম্বর) পর্যন্ত। এবং আগামী ২৫ নভেম্বর আওয়ামী লীগের চূড়ান্ত মনোনয়ন তালিকা প্রকাশ করা হবে।

আইলহাঁস ইউনিয়ন পরিষদ নির্বাচনে দলীয় মনোনয়ন পেতে ফরম জমা

আলমডাঙ্গার আইলহাঁস ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী হিসেবে দলীয় মনোনয়ন পেতে ফরম জমা দিয়েছেন আওয়ামী লীগ, যুবলীগ, সেচ্ছাসেবকলীগের নেতারা। ইতিমধ্যে মনোনয়ন পত্র জমা দিয়েছেন নাগদাহ ইউনিয়ন আওয়ামী লীগের নেতাকর্মীরা।

শনিবার বিকেল পাঁচটার দিকে আইলহাঁস ইউনিয়ন পরিষদ ফুটবল মাঠ প্রাঙ্গনে উপজেলা আওয়ামী লীগের নেতাকর্মীদের নিকট ফরম জমা দেন।

আইলহাঁস ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামী লীগের দলীয় মনোনয়ন পেতে ফরম জমা দিয়েছেন ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি তোফাজ্জেল আলী বিশ্বাস, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জাহিদুল ইসলাম বাদল, ইউনিয়ন আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও চুয়াডাঙ্গা পৌর কলেজের প্রভাষক হাসিবুল ইসলাম, ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক আব্দুল হালিম লাটিম, সাবেক মেম্বার মুহাম্মদ, আফিজ উদ্দিন বিশ্বাস, বিল্লাল গণি, রাসেল।